



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.৩১.০২৭.১৯.৩৩৬

তারিখ: ৯ কার্তিক ১৪২৮

২৫ অক্টোবর ২০২১

বিষয়: “কৃষকের অ্যাপ” এর মাধ্যমে আমন’২০২১-২২ মৌসুমে ধান সংগ্রহ কার্যক্রম বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আসন্ন আমন’২০২১-২২ মৌসুমে দেশব্যাপী ২৫০টি নির্বাচিত উপজেলায় পাইলট আকারে “কৃষকের অ্যাপ” বাস্তবায়ন করার সিদ্ধান্ত হয়েছে। কৃষকের অ্যাপের মাধ্যমে কৃষক নিবন্ধন ও ধান বিক্রয়ের আবেদন গ্রহণের সময়সীমা ১৫ নভেম্বর ২০২১ খ্রি. পর্যন্ত নির্ধারণ করা হয়েছে।

“কৃষকের অ্যাপ” এর মাধ্যমে কৃষক নিবন্ধন ও ধান বিক্রয়ের আবেদন ও নিবন্ধনের সময়সীমা সম্পর্কে কৃষকদের অবহিত করার জন্য স্থানীয় পর্যায়ে বহুল প্রচারণা চালানো প্রয়োজন। এক্ষণে, মাঠ-পর্যায়ে বাস্তবায়নের জন্য নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলোঃ

১. নির্বাচিত উপজেলাসমূহে (তালিকা সংযুক্ত) “কৃষকের অ্যাপ” এর মাধ্যমে ধান ক্রয় কার্যক্রম সম্পাদন করতে হবে;
  ২. প্রশিক্ষণ সিডিউল অনুযায়ী সংশ্লিষ্ট সকল ইউএনও/উপজেলা কৃষি কর্মকর্তাসহ খাদ্য অধিদপ্তরের মাঠপর্যায়ের সংশ্লিষ্ট মনোনীত কর্মকর্তা/কর্মচারীগণকে জুমের মাধ্যমে ভার্চুয়াল কর্মশালায় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে;
  ৩. খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইট [www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd) নীচের অংশে সংযোজিত "ফটো এবং ভিডিও বক্স" হতে "গাইড লাইন - কৃষকের অ্যাপ" হতে ভিডিও টিউটোরিয়াল ডাউনলোড করে অ্যাপ ব্যবহার সম্পর্কে ইউএনও/উপজেলা কৃষি কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে;
  ৪. কৃষকের অ্যাপের মাধ্যমে ধান সংগ্রহ কার্যক্রমের জন্য প্রস্তুতকৃত লিফলেট (সংযুক্ত) ও তৈরিকৃত অডিও (ই-মেইলে প্রেরিত) মাইকিংয়ের মাধ্যমে এবং টিভিসি (ভিডিও) (ই-মেইলে প্রেরিত) ক্যাবল টিভি নেটওয়ার্কের মাধ্যমে সংশ্লিষ্ট উপজেলায় প্রচার করতে হবে;
  ৫. প্রস্তুতকৃত পোস্টার উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ সংযোগ স্থান, বাজার, মসজিদের প্রধান ফটকের বিপরীতে এবং দৃষ্টিগোচর হয় এমন স্থানে পেস্টে দিতে হবে;
  ৬. প্রস্তুতকৃত লিফলেট জনসমাগম স্থানে যেমন মসজিদ, স্থানীয় বাজারের দিন, চায়ের দোকানে বিতরণ করতে হবে;
  ৭. প্রস্তুতকৃত লিফলেট ইউনিয়ন চেয়ারম্যান, মেম্বার ও স্থানীয় গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের কাছে পৌঁছে দিতে হবে;
  ৮. উপ-সহকারী কৃষি কর্মকর্তার উঠান বৈঠকে উপস্থিত হয়ে প্রস্তুতকৃত লিফলেট বিতরণ করতে হবে;
  ৯. কৃষকের অ্যাপের মাধ্যমে ধান সংগ্রহ কার্যক্রমের জন্য তৈরিকৃত অডিও মাইকিংয়ের মাধ্যমে জনসমাগম স্থানে প্রচার করা করতে হবে;
  ১০. প্রস্তুতকৃত লিফলেট জেলা/উপজেলার ওয়েব পোর্টালে প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
  ১১. সামাজিক যোগাযোগ মাধ্যমে পোস্টার/লিফলেট প্রকাশ করে প্রচার করতে হবে;
  ১২. স্থানীয় প্রশাসনের মাধ্যমে সভা করে সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যান, মেম্বার, মহিলা মেম্বার, ইউডিসি উদ্যোক্তাদের অবহিত করতে হবে;
  ১৩. ইউনিয়ন ডিজিটাল সেন্টার উদ্যোক্তার মাধ্যমে কৃষক নিবন্ধন উৎসাহিত করতে হবে।
- এমতাবস্থায়, “কৃষকের অ্যাপ” সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়নের জন্য উপরোক্ত নির্দেশনাসমূহ মেনে কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

২৫-১০-২০২১

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,  
ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ

শেখ মুজিবুর রহমান  
মহাপরিচালক (গ্রেড-১)  
ফোন: +৮৮-০২২২৩৩৫৪৮৩৪  
ইমেইল: dg@dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.৩১.০২৭.১৯.৩৩৬/১(৪৬)

তারিখ: ৯ কার্তিক ১৪২৮  
২৫ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক (রুটিন দায়িত্ব), হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়
- ৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়
- ৬) জেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল) [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]



২৫-১০-২০২১

মঞ্জুর আলম  
সিস্টেম এনালিস্ট



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
ময়মনসিংহ।  
[www.food.mymensinghdiv.gov.bd](http://www.food.mymensinghdiv.gov.bd)



তারিখ: ২৫/১০/২০২১খ্রি.

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.৪২১.৩১.০১২.২১. ৪২৫(২)

অনুলিপি: অবগতি ও কার্যার্থে:

১-৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ/জামালপুর/শেরপুর/নেত্রকোণা।

পত্রের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রকগণকে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি: সদয় অবগতি/অবগতির জন্য-

- ১। মহাপরিচালক (গ্রেড-১) খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব) খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক, প্রশাসন/ সংগ্রহ বিভাগ খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪। অফিস কপি

✓ আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (অ:দা:)  
ময়মনসিংহ।

(Email: rcf.myn@dgfood.gov.bd)

১.২৫/১০/২১